

ঢাকা ওয়াসা

- ১। ২০২৫-২৬ইং অর্থ বছরের এর অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
- ২। সাপাশো এর মেইন ট্রান্সমিশন নেটওয়ার্কের বিদ্যমান নক্সা।
- ৩। পূর্বের অনুমোদিত দরের কপি।
- ৪। বর্ণিত Stair Maintenance কাজের চিত্র।
- ৫। চেম্বারের তালিকা।
- ৬। আলোচ্য কাজের প্রাক্কলনের কপি।

Name of Work: Repair & fitting, fixing Stair in e-PRV Chamber for Water Transmission Network of SWTP.

০১। ক্রমিক নং-০১ হতে ০৬ পর্যন্ত দেখা যেতে পারে। সবিনয়ে জানানো যাচ্ছে যে, সায়োদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এবং ফেজ-২ হতে প্রতিদিন ৪৫ কোটি লিটার বিশুদ্ধ পানি মহানগরবাসির জন্য সরবরাহ করা হচ্ছে। সায়োদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এবং ফেজ-২ এর প্রায় ৪৬ কি.মি দীর্ঘ পানির মেইন ট্রান্সমিশন লাইনে প্রেসার রিডিউসিং ভাল্ভ, বাটারফ্লাই ভাল্ভ, এয়ার রিলিজ ভাল্ভ, গেট ভাল্ভ ও ওয়াসআউট ভাল্ভ সহ বিভিন্ন ধরনের ভাল্ভ চেম্বার রয়েছে। উক্ত ভাল্ভ গুলোর সাথে ৮ (আট)টি মডস জোনের ডিট্রিবিউশন লাইনে আন্ত: সংযোগের মাধ্যমে অত্র শোধনাগারের বিশুদ্ধ পানি সরবরাহ করা হচ্ছে। উক্ত পানি সরবরাহ ব্যবস্থা সচল রাখতে প্রতিনিয়ত ট্রান্সমিশন লাইনে বিভিন্ন ধরনের ভাল্ভ ও ভাল্ভ চেম্বারগুলো পরিচালন ও রক্ষণাবেক্ষণ কাজ করতে হয়। ভাল্ভ চেম্বারগুলো রাস্তার নিচে গভীরে হওয়ায় ভাল্ভ চেম্বারগুলো পরিচালন ও রক্ষণাবেক্ষণ কাজ করার সময় প্রতিটি ভাল্ভ চেম্বারের ভিতরে নামার জন্য সিঁড়ি সংযুক্ত আছে। বিভিন্ন সময়ে ভাল্ভ গুলো মেরামত ও রক্ষণাবেক্ষণ করার জন্য সিঁড়ি গুলোর মাধ্যমে চেম্বারের ভিতরে নামতে হয়। ভাল্ভ চেম্বার গুলির মধ্যে ০৫ টি চেম্বারের সংযুক্ত সিঁড়ি মরিচা পড়ে ব্যবহারে অনপযোগী হয়ে গেছে। ফলে ভাল্ভগুলো অপারেট করতে চেম্বারে নামা যাচ্ছে না। বিধায় বর্ণিত চারটি চেম্বারের বিদ্যমান সিঁড়ি মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ জরুরী করা প্রয়োজন।

০২। আলোচ্য সরবরাহ কাজটি বাস্তবায়নের লক্ষ্যে পূর্বের অনুমোদিত দরের এর ভিত্তিতে “দাপ্তরিক প্রাক্কলন” উপস্থাপন করা হল। উপস্থাপিত প্রাক্কলন দাঁড়িয়েছে মোট টাঃ ৪৯,৩০০.০৪৯ (উনপঞ্চাশ হাজার তিনশত দশমিক শূন্য চার নয়) টাকা মাত্র। ঢাকা ওয়াসার প্রচলিত DoFP অনুযায়ী, উপস্থাপিত প্রাক্কলন অনুমোদনের আর্থিক ক্ষমতা প্রধান প্রকৌশলী, ঢাকা ওয়াসা মহোদয়ের এখতিয়ার ভুক্ত। উক্ত কাজের ব্যয়ভার সায়োদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এর ২০২৫-২৬ ইং অর্থ বছরের রাজস্ব বাজেটের পানির লাইন রক্ষণাবেক্ষণ কোড নং-০১-০৪-০০১ এর খাত হতে নির্বাহ করা যেতে পারে।

০৩। ২০২৫-২৬ইং অর্থ বছরের অনুমোদিত বার্ষিক কর্ম পরিকল্পনায় বিষয়ভূক্ত কাজটি সরাসরি দরপত্র পদ্ধতিতে সম্পাদনের জন্য Emergency and unforeseen procurement হিসাবে ধরা আছে। আলোচ্য কাজটি বার্ষিক কর্ম পরিকল্পনার ক্রমিক নং-১৯৭ এবং প্যাকেজ নং- EU17 তে অন্তর্ভুক্ত রয়েছে। সেই আলোকে আলোচ্য কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০২৫ এর ৯৯(১) ধারা অনুসারে সরাসরি কার্যক্রম পদ্ধতি এর মাধ্যমে ঠিকাদারী প্রতিষ্ঠান Barishal Enterprise কে নিয়োজিত করে কাজটি সম্পাদনের প্রস্তাবনা পেশ করা হল।

০৪। এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ-১.০ হতে ৩.০ পর্যন্ত বর্ণনালোকে, “Repair & fitting, fixing Stair in e-PRV Chamber for Water Transmission Network of SWTP.” শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ অনুমোদন করা যেতে পারে।

ক) উল্লিখিত কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০২৫ এর ৯৯(১) ধারা অনুসারে সরাসরি Barishal Enterprise এর সহিত চুক্তির মাধ্যমে বাস্তবায়নের অনুমোদন।

খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন টাঃ ৪৯,৩০০.০৪৯ (উনপঞ্চাশ হাজার তিনশত দশমিক শূন্য চার নয়) টাকা এর অনুমোদন।

গ) আলোচ্য ক্রয় সংক্রান্ত ব্যয় রাজস্ব বাজেটের পানির লাইন রক্ষণাবেক্ষণ, কোড নং-০১-০৪-০০১ খাত হতে নির্বাহের অনুমোদন।

উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

২৪/১২/২৫
মুন্সুর কুমার দেব
উপ-সহকারী প্রকৌশলী
সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।

২৪/১২/২৫
মোঃ মশিউর রহমান ভূঞা
সহকারী প্রকৌশলী
সাঃ পাঃ শোঃ (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।

২৪-১২-২৫
রাজীব আহমেদ
নির্বাহী প্রকৌশলী
সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।

২৪/১২/২৫
মিজা শোশাম কিশোরীয়া
অতিরিক্ত প্রকৌশলী
পাওপাশো সার্কেল, ঢাকা ওয়াসা।

০৪/ ১২/২৫ অনুমোদিত,

০৫/ ১২/২৫

০৫/ ১২/২০২৫
শওকত মাহমুদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা